# আল-ফাজর | Al-Fajr | اَلْفَجْر

আয়াতঃ ৮৯ : ৬

## আরবি মূল আয়াত:

اَلَمْ تَرَ كَیْفَ فَعَلَ رَبُّكَ بِعَادٍ ﴿۶﴾

## অনুবাদসমূহ:

তুমি কি দেখনি তোমার রব কিরূপ আচরণ করেছেন ‘আদ জাতির সাথে? — আল-বায়ান

তুমি কি দেখনি তোমার প্রতিপালক ‘আদ জাতির সঙ্গে কী ব্যবহার করেছিলেন? — তাইসিরুল

তুমি কি দেখনি তোমার রাব্ব কি করেছিলেন ‘আদ বংশের – — মুজিবুর রহমান

Have you not considered how your Lord dealt with 'Aad - — Sahih International

### ৬. আপনি দেখেননি আপনার রব কি (আচরণ) করেছিলেন আদ বংশের—

-

তাফসীরে জাকারিয়া

### ৬। তুমি কি দেখনি, তোমার প্রতিপালক আ’দ জাতির সাথে কিরূপ আচরণ করেছিলেন; [1]

[1] তাদের প্রতি হূদ (আঃ)-কে নবী বানিয়ে প্রেরণ করা হয়েছিল। তারা তাঁকে মিথ্যা ভাবল, অবশেষে প্রচন্ড ঝড়ো-হাওয়ার কঠিন আযাব তাদেরকে বেষ্টন করে ফেলল। নিরবচ্ছিন্নভাবে সাত রাত এবং আট দিন পর্যন্ত এই আযাব তাদের উপর অটল ছিল। (সূরা হাক্কাহ ৬-৮ আয়াত) যা তাদেরকে তছনছ করে ফেলেছিল।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5999

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন